# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৩. ১৪. যীশুকে রক্তমাংসে প্রকাশিত ঈশ্বর বানানো

কিং জেমস এবং বিগত শতাব্দীর শেষপ্রান্ত পর্যন্ত সকল ভাষার সকল বাইবেলে তীমথিয়ের প্রতি প্রেরিত পৌলের প্রথম পত্রের ৩/১৬ নিম্নরূপ: “And without controversy great is the mystery of godliness: God was manifest in the flesh, justified in the Spirit, seen of angels, preached unto the Gentiles, believed on in the world, received up into glory” ‘‘আর এতে কোন সন্দেহ নেই যে, ভক্তির নিগূঢ়তত্ত্ব মহৎ, ঈশ্বর রক্ত-মাংসে প্রকাশিত হলেন, রূহে ধার্মিক প্রতিপন্ন হলেন, ফেরেশতারা তাঁকে দেখেছিলেন, জাতিদের মধ্যে তবলিগকৃত হলেন, ঈমানের মধ্য দিয়ে দুনিয়াতে গৃহীত হলেন, মহিমার সঙ্গে ঊর্ধ্বে নীত হলেন।’’

বাইবেল গবেষকরা বিগত কয়েক শতাব্দী যাবৎ নিশ্চিত করেছেন যে, এখানে ‘ঈশ্বর (God) শব্দটার পরিবর্তে প্রাচীন পাণ্ডুলিপিগুলোতে ‘তিনি’ (he) শব্দ বিদ্যমান। এ কথাটা পল যীশুর বিষয়ে লেখেছেন। তিনিও যীশুকে সরাসরি ঈশ্বর বলে দাবি করেননি। ঈশ্বরের ঐশ্বরিক পুত্র বলেই দাবি করেছেন। পরবর্তী যুগের ভক্তরা যীশুকে রক্তমাংসে প্রকাশিত ঈশ্বর প্রমাণ করতে সামান্য একটু সম্পাদনা করে ‘তিনি’ শব্দটা পরিবর্তন করে ‘ঈশ্বর’ শব্দ লেখেছেন। সর্বশেষ রিভাইজড ভার্শনে শ্লোকটা নিম্নরূপ: “Great indeed, we confess, is the mystery of our religion: He was manifested in the flesh...” অর্থ: ‘‘আমরা স্বীকার করি যে, আমাদের ধর্মের নিগূঢ়তত্ত্ব মহৎ: তিনি রক্ত-মাংসে প্রকাশিত হলেন...’’

বঙ্গানুবাদগুলোতে রিভাইজড ভার্শন অনুসরণ করা হয়েছে। কিতাবুল মোকাদ্দস- ২০১৩: ‘‘আর এতে কোন সন্দেহ নেই যে, ভক্তির নিগূঢ়তত্ত্ব মহৎ, যিনি রক্ত-মাংসে প্রকাশিত হলেন, রূহে ধার্মিক প্রতিপন্ন হলেন, ফেরেশতারা তাঁকে দেখেছিলেন, জাতিদের মধ্যে তবলিগকৃত হলেন, ঈমানের মধ্য দিয়ে দুনিয়াতে গৃহীত হলেন, মহিমার সঙ্গে ঊর্ধ্বে নীত হলেন।’’ অন্যান্য অনুবাদও কাছাকাছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14242

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন